গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর
ই-২৪, আগারগাঁও, ঢাকা-১২০৭
www.bmd.gov.bd

নম্বর: ২৩.০৯.২৬৮০.১৭২.৪৩.০০১.২৫.২৬৭১

তারিখ: ১৬ কার্তিক ১৪৩৩ / ০১ নভেম্বর ২০২৬

বিষয়: নভেম্বর ২০২৬ এর দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস।

দীর্ঘমেয়াদি আবহাওয়ার পূর্বাভাস প্রদানের নিমিত্ত বিশেষজ্ঞ কমিটির নিয়মিত সভা ০১ নভেম্বর ২০২৬ দুপুর ০১.৪৫ ঘটিকায় ঝড় সতর্কীকরণ কেন্দ্র, ঢাকায় অনুষ্ঠিত হয়। উক্ত সভায় অক্টোবর ২০২৬ খ্রিঃ মাসের আবহাওয়ার বিভিন্ন তথ্য ও উপাত্ত পর্যালোচিত হয়। পর্যালোচনাকালে পরিলক্ষিত হয় যে, অক্টোবর ২০২৬ মাসে বাংলাদেশে গড় বৃষ্টিপাতের পরিমাণ ও দিন সংখ্যা নিম্নরূপ ছিল:

বিভাগ/দেশ	স্বাভাবিক বৃষ্টিপাত (মি:মি:)	রেকর্ডকৃত গড় বৃষ্টিপাত (মি:মি:)	বৃষ্টিপাতের পরিমাণের বিচ্যুতি (%)	স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা	রেকর্ডকৃত বৃষ্টিপাতের দিন সংখ্যা
ঢাকা	১৬০	৩২	-৭৯.৯%	১৫	৫
ময়মনসিংহ	১৮০	৫৫	-৬৯.৮%	১৬	৫
চট্টগ্রাম	২১৬	৪২	-৮০.৬%	১৪	৫
সিলেট	১৮২	৭৬	-৫৮.৩%	১৮	৭
রাজশাহী	১৩৪	৯৩	-৩০.৪%	১৫	৫
রংপুর	১৫৫	৫১	-৬৭.০%	১৬	৫
খুলনা	১৫০	৫১	-৬৫.৯%	১৬	৫
বরিশাল	২২৭	১৩৩	-৪১.৩%	১৭	৫
সারাদেশ	১৭৯	৫৭	-৬৮.০%	১৬	৫

অক্টোবর ২০২৬ মাসে সারাদেশে স্বাভাবিক অপেক্ষা কম (-৬৮.০%) বৃষ্টিপাত রেকর্ড করা হয়েছে। ৯ অক্টোবর ২০২৬ দক্ষিণপশ্চিম মৌসুমী বায়ু বাংলাদেশ থেকে বিদায় নেয়। অক্টোবর ২০২৬ মাসে দুটি লঘুচাপ সৃষ্টি হয় যার মধ্যে একটি ঘূর্ণিঝড়ে রূপ নেয়। প্রথম লঘুচাপটি ২৩ অক্টোবর ২০২৬ পূর্বমধ্য ও তৎসংলগ্ন দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর এলাকায় সৃষ্টি হয়। এটি ২৪ অক্টোবর ২০২৬ সকাল ৬ টায় পূর্বমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় সুস্পষ্ট লঘুচাপ এবং পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে সন্ধ্যা ৬টায় পূর্বমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন দক্ষিণপূর্ব বঙ্গোপসাগর এলাকায় নিম্নচাপে পরিণত হয়। এটি ২৫ অক্টোবর ২০২৬ দুপুর ১২টায় দক্ষিণপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভুত হয়ে একই এলাকায় গভীর নিম্নচাপে পরিণত হয়। এটি ২৬ অক্টোবর ২০২৬ সকাল ৬টায় উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভুত হয়ে পূর্বমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন পশ্চিমমধ্য বঙ্গোপসাগর এলাকায় ঘূর্ণিঝড় "অর্ণব" এবং সন্ধ্যা ৬টায় পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভুত হয়ে পশ্চিমমধ্য বঙ্গোপসাগর ও তৎসংলগ্ন এলাকায় প্রবল ঘূর্ণিঝড়ে এবং পরবর্তীতে অতি প্রবল প্রবল ঘূর্ণিঝড়ে পরিণত হয়। এটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ২৮ অক্টোবর ২০২৬ সকাল ৬টায় ভারতের অন্ধ্র উপকূল অতিক্রম করে এবং পরবর্তীতে উত্তরপশ্চিম দিকে অগ্রসর হয়ে ক্রমান্বয়ে দুর্বল হয়ে যায়। দ্বিতীয় লঘুচাপটি, ২৯ অক্টোবর ২০২৬ সকাল ৬টায় আন্দামান সাগর ও তৎসংলগ্ন এলাকায় সৃষ্টি হয়। এটি ঘণীভূত হয়ে ৩১ অক্টোবর ২০২৬ সকালে দক্ষিণ আন্দামান সাগর ও তৎসংলগ্ন এলাকায় সুস্পষ্ট লঘুচাপ এবং এটি পশ্চিম-উত্তরপশ্চিম দিকে অগ্রসর ও ঘণীভূত হয়ে দুপুর নাগাদ একই এলাকায় নিম্নচাপে পরিণত হয়। সক্রিয় মৌসুমী বায়ু প্রবাহ ও ঘূর্ণিঝড়ের প্রভাবে বিক্ষিপ্তভাবে হালকা থেকে মাঝারী ধরণের বৃষ্টিপাত রেকর্ড করা হয়। সেই সাথে বজ্রসহ দমকা ও ঝড়ো হাওয়া বয়ে যায়। এ সময় দৈনিক সর্বোচ্চ বৃষ্টিপাত ৬৪ মি.মি. সিলেটের শ্রীমঙ্গলে রেকর্ড (০২ অক্টোবর ২০২৬) করা হয়। দেশে বিক্ষিপ্তভাবে ১২-১৪, ২২ ও ২৬-২৮ অক্টোবর ২০২৬ পর্যন্ত মৃদু তাপপ্রবাহ বয়ে যায়। অক্টোবর মাসে দেশের সর্বোচ্চ তাপমাত্রা ৩৭.৮°সে. সিলেটে (১৭ অক্টোবর ২০২৬) এবং সর্বনিম্ন তাপমাত্রা ১৫.৪°সে. তেঁতুলিয়ায় (২৭ অক্টোবর ২০২৬) রেকর্ড করা হয়। এ মাসে দেশের সর্বোচ্চ, সর্বনিম্ন ও গড় তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা যথাক্রমে ১.৮°সে., ০.৪°সে. ও ১.১°সে. বেশি ছিল। বৃষ্টিপাত, তাপমাত্রা, তাপপ্রবাহ, বজ্রঝড়, কৃষি আবহাওয়া এবং দেশের নদ-নদীর অবস্থা অক্টোবর ২০২৬ মাসের পূর্বাভাসের সাথে সংগতিপূর্ণ ছিল।

বিশ্ব আবহাওয়া সংস্থা অনুমোদিত Global Producing Centre (GPCs), ECMWF, JMA, NOAA, IRI-Columbia University, APEC Climate Centre (APCC), RIMES এবং C3S থেকে প্রাপ্ত মডেল পূর্বাভাস, আবহাওয়া উপাত্ত, উর্ধ্বাকাশের আবহাওয়া বিন্যাস, বায়ুমন্ডলের বিভিন্ন স্তরের বিশ্লেষিত আবহাওয়া মানচিত্র, জলবায়ু মডেল, SOI (এল-নিনো/লা-নিনা'র অবস্থা) ইত্যাদির যথাযথ বিশ্লেষণ পূর্বক কমিটি কর্তৃক নভেম্বর ২০২৬ এর পূর্বাভাস নিম্নে প্রদত্ত হলো:

বিভাগ	স্বাভাবিক বৃষ্টিপাত (মিঃমিঃ)	পূর্বাভাস বৃষ্টিপাতের পরিমাণ (মিঃমিঃ)	স্বাভাবিক বৃষ্টিপাতের দিন সংখ্যা	পূর্বাভাস বৃষ্টিপাতের দিন সংখ্যা	নভেম্বর ২০২৬ মাসে মাটির আর্দ্রতা (%)
ঢাকা	২৬	১৫ - ২৫	০৪	০৩-০৪	২৫-৩৫
ময়মনসিংহ	১৪	১০- ১৫	০৩	০২-০৩	৩০-৪০
চট্টগ্রাম	৩৯	৩৫ - ৪০	০৪	০৩-০৪	৩০-৪০
সিলেট	২৫	১৫ - ২৫	০৪	০৩-০৪	৩০-৪০
রাজশাহী	১২	১০ - ১৫	০৪	০৩-০৪	২৫-৩৫
রংপুর	০৬	০৪ - ০৮	০৩	০২-০৩	৩০-৪০
খুলনা	২৯	১৫ - ২৫	০৪	০৩-০৪	২৫-৩৫
বরিশাল	৪৪	৩০ - ৪০	০৫	০২-০৩	৩০-৪০

১. **বৃষ্টিপাত:** এ মাসে দেশে স্বাভাবিক অপেক্ষা কম বৃষ্টিপাতের সম্ভাবনা আছে।
২. **নিম্নচাপ/ঘূর্ণিঝড়:** বঙ্গোপসাগরে ২-৩ টি লঘুচাপ সৃষ্টি হতে পারে, যার মধ্যে ১-২টি ঘূর্ণিঝড়ে পরিণত হতে পারে।
৩. **তাপমাত্রা:** এ মাসে দিন ও রাতের তাপমাত্রা ক্রমান্বয়ে হ্রাস পেতে পারে তবে দিন এবং রাতের তাপমাত্রা স্বাভাবিক অপেক্ষা বেশি থাকতে পারে।
৪. **কুয়াশা:** দেশের কোথাও কোথাও এবং নদী অববাহিকায় ভোররাত থেকে সকাল পর্যন্ত হালকা/ মাঝারি ধরণের কুয়াশা পড়তে পারে।
৫. **নদ-নদীর অবস্থা:** নভেম্বর মাসে দেশের প্রধান নদ-নদীসমূহের স্বাভাবিক প্রবাহ বিরাজমান থাকতে পারে।
৬. **কৃষি আবহাওয়া:** এ মাসে দেশে দৈনিক গড় বাষ্পীভবন ২.৫-৪.৫ মি.মি. এবং গড় উজ্জ্বল সূর্যকিরণকাল ৫.০-৭.০ ঘন্টা থাকতে পারে।

০১/১১/২৬
(মোঃ মমিনুল ইসলাম)
পরিচালক (চলতি দায়িত্ব)
ও
চেয়ারম্যান, বিশেষজ্ঞ কমিটি

মাননীয় মন্ত্রী
কৃষি মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
ইমেইল: minister@moa.gov.bd

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

১. মাননীয় মন্ত্রী, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, info@modmr.gov.bd
২. মন্ত্রী পরিষদ সচিব, মন্ত্রী পরিষদ বিভাগ, cab secy@cabinet.gov.bd
৩. মূখ্য সচিব, প্রধান মন্ত্রীর কার্যালয়, psecy@pmo.gov.bd
৪. সিনিয়র সচিব, জনপ্রাশাসন মন্ত্রণালয়, secretary@mopa.gov.bd
৫. সচিব, পানি সম্পদ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mowr.gov.bd
৬. সচিব, বাণিজ্য মন্ত্রণালয়, secy@mincom.gov.bd
৭. সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়, secretary@mod.gov.bd
৮. সচিব, দুর্যোগ ব্যবস্থাপনা ও ত্রাণ মন্ত্রণালয়, secretary@modmr.gov.bd
৯. সচিব, কৃষি মন্ত্রণালয়, secretary@moa.gov.bd
১০. সচিব, খাদ্য মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, secretary@mofood.gov.bd